মুজিবনগরে জুলাই যুব উন্নয়ন ক্লাবের উদ্যোগে ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্পেইন

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় জুলাই যুব উন্নয়ন ক্লাবের আয়োজনে এবং তানিশা ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের সার্বিক সহযোগিতায় ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৭ জানুয়ারি) সকাল ৯টা ৩০ মিনিটে বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামের মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

এতে বিদ্যালয়ের প্রায় ৪০০ শিক্ষার্থীকে ফ্রি ব্লাড গ্রুপিং সুবিধা দেওয়া হয়।

ক্যাম্পেইনে উপস্থিত ছিলেন জুলাই যুব উন্নয়ন ক্লাবের সভাপতি ও এনসিপি’র জেলা যুগ্ম-সমন্বয়কারী আরিফ খান, ক্লাবের সেক্রেটারি ও এনসিপি’র উপজেলা প্রধান সমন্বয়কারী তরিকুল ইসলাম, এনসিপি জেলা কমিটির সদস্য লালচাঁদ, মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শরিফুল ইসলামসহ বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দ। তানিশা ক্লিনিকের বিশেষজ্ঞ টিম ক্যাম্পেইনের সার্বিক কার্যক্রম পরিচালনা করেন।

জুলাই যুব উন্নয়ন ক্লাবের নেতৃবৃন্দ জানিয়েছেন, শিক্ষার্থীদের স্বাস্থ্যসচেতনতা বাড়াতে এবং প্রয়োজনীয় সময়ে রক্তের গ্রুপ জানা নিশ্চিত করতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে।